দৈনিক সংবাদ 02

তারিখ ... 03 MAR 1986 ...
পৃষ্ঠা ... 6 কলাম ... 2

# কম্পিউটার অফিস ডেস্ক পরিষ্কার করবে

কম্পিউটার এবার আধুনিক অফিস ডেস্কের নোটপ্যাড, ঘড়ি, অভিধান, ক্যালেন্ডার ও আজে-বাজে কাগজপত্র সব পরিষ্কার করবে। হালকা ধরনের ব্যক্তিগত কম্পিউটারের সর্বাধুনিক যে সংস্করণ বাজারে এসেছে তাতে এই ব্যবস্থা সম্বলিত রয়েছে।

একটি স্ট্যান্ডার্ড কম্পিউটারে সহায়ক যন্ত্র লাগিয়ে এই অগ্রগতি সাধন করা হয়েছে। ফলে চাবি ঘুরিয়েই প্রয়োজনমত প্রোগ্রাম পাওয়া যাবে।

রেসিডেন্ট প্রোগ্রাম নামের এই ধরনের মেমোরী দু' বছরেরও কম সময় আগে চালু হলেও এর চাহিদা দ্রুত বেড়েছে। বিশেষজ্ঞদের মতে আগামী ১৯৯০ সাল নাগাদ এই কম্পিউটার ১৫ কোটি ডলারের বাজার পাবে।

প্রধান মেমোরী চিপসের দাম আকস্মিকভাবে পড়ে যাওয়ায় গত কয়েক মাসে নতুন ডেস্ক সহায়ক প্রোগ্রামের বিক্রি বেড়ে গেছে।

প্রচলিত ব্যবস্থায় প্রতিবার প্রোগ্রাম বদলানোর কারণে কাজে ব্যাঘাত ঘটতো, কিন্তু বর্তমানে নতুন মেমোরী রেসিডেন্ট প্রোগ্রাম তাৎক্ষণিকভাবে সব কাজ সারতে পারে। ফলে জটিল কাজে ব্যস্ত কোন ব্যক্তি ক্লায়েন্টের কাছ থেকে জরুরী ফোন পেলে কম্পিউটারের পর্দায় ক্যালেন্ডারকে হাজির করে সহজেই তাকে 'এ্যাপয়েনমেন্ট' দিতে পারেন ও কয়েক সেকেন্ডের মধ্যেই হাতের কাজে মনোযোগ দিতে পারেন।

বোরল্যান্ড ইন্টারন্যাশনাল প্রথম মেমোরী রেসিডেন্ট ফিচার বাস্তবায়ন করে। ১৯৮৪ সালে চালু হবার পর কোম্পানী এক দফায় ১০ লাখেরও বেশী কপি বিক্রি করে।

কোন কোন শিল্প বিশ্লেষক মনে করেন, মাত্র ৫০ ডলার মূল্যের ডেস্ক সহায়ক প্রোগ্রাম অধিক দামী প্রোগ্রামের চাহিদা অনেক কমিয়ে আনতে পারে। ডেস্ক সহায়ক প্রোগ্রাম একক কাজের প্রোগ্রামের নির্মাতা কোম্পানীগুলোকে মেমোরী রেসিডেন্ট সুবিধা উদ্ভাবনে উৎসাহিত করতে পারে।

বোরল্যান্ড ইন্টারন্যাশনালের সাইডকিক হচ্ছে সবচেয়ে জনপ্রিয় ডেস্ক সহায়ক প্রোগ্রাম। অন্যান্য উল্লেখযোগ্য প্রোগ্রাম হচ্ছে হোমবেস, লোটাস, স্পটলাইট ও ডেস্ক অর্গানাইজার।

কয়েকটি কোম্পানী সকল মেমোরী রেসিডেন্ট ও রেগুলার প্রোগ্রামকে একই সাথে কার্যকর করতে পারে এমন কম্পিউটার উদ্ভাবনের চিন্তা-ভাবনা করছে। যদি তারা এই উদ্যোগে সফল হয় তবে মেমোরী রেসিডেন্ট প্রোগ্রাম শুধু অফিস ডেস্কই পরিষ্কার করবে না, গোটা অফিসকেই ঝকঝকে করে রাখবে। খবর বোস্টন থেকে রয়টারের।